



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/2/2021

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর অ্যান্ড্রু এম কুওমো ঘোষণা করেছেন যে লেবার ডে থেকে MTA এবং নিউ ইয়র্ক স্টেট পোর্ট অথরিটির কর্মীদের কোভিড-19 এর বিরুদ্ধে টিকা নিতে হবে অথবা প্রতি সপ্তাহে তাঁদের পরীক্ষা করা হবে

কর্মীদের জন্য MTA টিকাকরণ কেন্দ্রগুলি খুলে দেওয়া হবে

যেসব এলাকায় স্টেট কর্মীদের সংখ্যা বেশি সেখানে 9টি টিকাকরণ কেন্দ্র খোলা হবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক এলাকায় যে MTA এবং পোর্ট অথরিটির কর্মীরা কাজ করেন তাঁদের লেবার ডে থেকে কোভিড-19 এর টিকা নিতে হবে অথবা প্রতি সপ্তাহে পরীক্ষা করাতে হবে। ব্যবহার কমে যাওয়ায় শুধুমাত্র কর্মীদের জন্য থাকা যে টিকাকরণ কেন্দ্রগুলি বন্ধ হয়ে গিয়েছিল সেগুলি ফের খোলা হবে এবং যেগুলি এখনও খোলা রয়েছে সেগুলি আগের মতোই কাজ করবে। যে সব জায়গায় স্টেট কর্মীদের সংখ্যা বেশি সেখানে 9টি টিকাকরণ কেন্দ্র খোলা হবে যাতে যাঁরা টিকা নেননি তাঁদের পক্ষে টিকা নেওয়া আরও সহজ হয়।

“প্রত্যেকে এখন মাস্কের নীতির কথা বলছে কিন্তু আমার মতে মাস্কের নীতি যথেষ্ট নয় – আমাদের এবার টিকার নীতি নিয়ে কথা বলতে হবে,” **গভর্নর কুওমো বলেছেন।** “প্রথম ধাপ হিসেবে আমরা সমস্ত স্টেট কর্মীদের বলে দিয়েছি টিকা নিতে অথবা প্রতি সপ্তাহে পরীক্ষা করাতে, এবং এই ব্যাপারটিকে আরও ছড়িয়ে দেওয়ার জন্য আমরা সমস্ত MTA এবং পোর্ট অথরিটির কর্মীদেরও একই কাজ করতে বলেছি। স্টেট বাকিদের থেকে এগিয়ে যাচ্ছে কিন্তু স্থানীয় সরকার, স্কুল, সরকারি হাসপাতাল এবং ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলিকেও বাধ্যতামূলক টিকাকরণে ব্যাপারে জোর দেওয়ার ভাবনাচিন্তা করতে হবে কারণ যদি হঠাৎ করে সংখ্যা বাড়তে শুরু করে, তাহলে আমরা আর পিছিয়ে যেতে পারব না এবং যে উন্নতি আমরা করেছি তা হারাতে পারব না।”

নতুন টিকাকরণ কেন্দ্র খোলা হবে:

- ওয়াটারটাউনের ডিউলস স্টেট অফিস বিল্ডিংয়ে
- সিরাকিউসের হিউজ স্টেট অফিস বিল্ডিংয়ে
- ইউটিকা স্টেট অফিস বিল্ডিং (Utica State Office Building)
- বিংহ্যামটন স্টেট অফিস বিল্ডিংয়ে
- এম্পায়ার স্টেট প্লাজা কনকোর্সে
- পোর্কিপসিতে ইলিয়ানর রুজভেল্ট স্টেট অফিস বিল্ডিংয়ে
- হারলেমে অ্যাডাম ক্লেটন পাওয়েল জুনিয়র স্টেট অফিস বিল্ডিংয়ে

- হপগে ডুরিয়া স্টেট অফিস বিন্দিংয়ে
- NYS ডিপার্টমেন্ট অফ লেবার, হিক্লভিল

এই নির্দেশাবলী গভর্নর কুওমোর 28 জুলাই [সাংবাদিক বৈঠকের](#) যেখানে তিনি ঘোষণা করেছিলেন যে স্টেট কর্মী এবং স্টেট-চালিত হাসপাতালে সরাসরি রোগীদের সংস্পর্শে আসা কর্মীদের লেবার ডে-র মধ্যে কোভিড-19 এর টিকা নিতে হবে। যাঁরা এখনও টিকা নিতে রাজি নন তাঁদের প্রতি সপ্তাহে COVID পরীক্ষা করাতে হবে।

ভারপ্রাপ্ত MTA চেয়ারম্যান এবং CEO জ্যানো লিবার বলেছেন, “আমাদের কর্মীদের স্বাস্থ্য এবং নিরাপত্তাই MTA-এর কাছে সবথেকে বেশি গুরুত্বপূর্ণ। এই নতুন টিকাকরণ এবং পরীক্ষা করানোর আদেশ দেওয়া হয়েছে যাতে ডেল্টা ভ্যারিয়েন্টের থেকে আমাদের কর্মীরা যথাসম্ভব সুরক্ষিত থাকেন, কারণ এলাকার সুস্থতার হার ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। এখনও পর্যন্ত আমাদের কর্মীদের প্রায় 70 শতাংশকে টিকা দেওয়া হয়েছে – এঁদের মধ্যে কেউ কেউ নিজের স্থানীয় এলাকার ওষুধের দোকান বা অন্য কোনও জায়গায় গিয়ে টিকা পেয়েছেন। এটা দারুণ উন্নতি, তবে সাধারণের স্বাস্থ্য এবং সুরক্ষার জন্য আমাদের আরও ভাল কাজ করতে হবে।”

NY এবং NJ পোর্ট অথরিটির এক্সিকিউটিভ ডিরেক্টর রিক কটন বলেছেন, “গোটা মহামারির সময়ে পর্যটক এবং কর্মীদের স্বাস্থ্য এবং সুরক্ষার প্রোটোকল কার্যকর করার জন্য পোর্ট অথরিটি অনেক ব্যবস্থা নিয়েছে। আমরা বরাবর পরামর্শের জন্য স্টেটগুলির দিকে তাকিয়েছি এবং এখনও সেই কাজ করে চলেছি। কর্মীদের টিকা দেওয়ার জন্য আমাদের যে প্রচেষ্টা চলছে তা আমরা দ্বিগুণ বাড়িয়ে দেব এবং পোর্ট অথরিটি ইউনিয়নের নেতাদের সঙ্গে কথা বলে সাপ্তাহিক পরীক্ষা করার পরিকল্পনা কার্যকর করার চেষ্টা করব।”

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এগজিকিউটিভ চেম্বার [|press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)